গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কার্যালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
লৌহজং, মুন্সিগঞ্জ।
doict.louhajanj.munshiganj.gov.bd

স্মারক নং: ০৫.৩০.৫৯৪৪.০০২.০০.০০১.১৪- তারিখ:১০/০৮/২০২৩খ্রি:

# উপজেলা আইসিটি কমিটির জুলাই/২০২৩ সভার কার্যবিবরণী

সভাপতি: জনাব আব্দুল আউয়াল
উপজেলা নির্বাহী অফিসার
লৌহজং, মুন্সীগঞ্জ।
তারিখ: ১০ আগষ্ট,২০২৩খ্রিঃ
সময়: বেলা ১.০০টা
স্থান: উপজেলা পরিষদ সভা কক্ষ
উপস্থিতি: পরিশিষ্ট "ক"

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে লৌহজং উপজেলা আইসিটি বিষয়ক কমিটির সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সদস্য সচিবকে আইসিটি কমিটির লক্ষ্য ও কার্যাবলী সম্পর্কে আলোচনা শুরু করার জন্য আহবান জানানো হয়। উপজেলায় আইসিটির বিস্তর ও উন্নয়ন সকল সরকারী দপ্তর ও প্রতিষ্ঠানের ওয়েব পোর্টাল পরিচালনা, সরকারী দপ্তরে ই-নথি বাস্তবায়ন ও অগ্রাধিকার প্রদান, শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাবসহ অন্যান্য ল্যাবের যথাযথ পরিচালনা সকল সরকারী দপ্তর ও কম্পিউটার ল্যাব সমূহে ইন্টারনেটে সংযোগ নিরবিচ্ছিন্ন রাখা এবং প্রয়োজনীয় অন্যান্য বিস্তারিত আলোচনা করা হয়। সভায় সর্বসন্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র:নং: | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | ওয়েব পোর্টাল সম্পর্কিত আলোচনা: সাধারণ জনগণ তথ্য সেবা গ্রহীতাদের নিকট অবাধ তথ্য সরবরাহের গুরুত্বপূর্ণ মাধ্যম হিসেবে গড়ে তোলার লক্ষ্যে উপজেলা,ইউনিয়ন এবং সরকারী দপ্তর সমূহসহ শিক্ষা প্রতিষ্ঠান সমূহে সরকারী উদ্যোগে ওয়েব পোর্টাল চালু করা হয়েছে। সুতরাং ওয়েব পোর্টাল সমূহ নিয়মিত হালনাগাদ করণ জনগুরুত্বপূর্ণ ও অত্যাবশ্যক হওয়ায় এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১.১। স্ব স্ব দপ্তর/প্রতিষ্ঠানের জরুরী খবর,বিভিন্ন নোটিশ ও সভার কার্যবিবরণী, সকল ধরণের সেবা/প্রকল্পের বিস্তারিত তথ্য এবং সকল জনপ্রতিনিধি ও জনবলের তথ্যসহ সেবা গ্রহীতাদের সুবিধার জন্য প্রয়োজনীয় সকল তথ্য ওয়েব পোর্টালে নিয়মিত সংযোজন,হালনাগাদ ও তা বহুল প্রচার করণে ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>১.২। সকল শিক্ষা প্রতিষ্ঠানের ওয়েব পোর্টাল সমূহের লিংক উপজেলা পোর্টালে সংযুক্ত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>১.৩। সংশ্লিষ্ট সকল ওয়েব পোর্টালে চলমান অবস্থা ও হালনাগাদ করণ কার্যক্রমের রিপোর্ট মাসিক উপজেলা আইসিটি কমিটির সভায় দাখিল করণ | ১। লৌহজং উপজেলাস্থ সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণ।<br><br>২। লৌহজং উপজেলাস্থ সংশ্লিষ্ট সকল ইউপি চেয়ারম্যানগণ।<br><br>৩। লৌহজং উপজেলাস্থ সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ।<br><br>৪।সহকারী প্রোগ্রামার, লৌহজং,মুন্সীগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| | | বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১.৪। এক্ষেত্রে প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদানসহ প্রয়োজন বোধে তৎসংশ্লিষ্ট যাবতীয় তথ্য সরবরাহ করণ বিষয়ে আইসিটি অধিদপ্তরস্থ লৌহজং উপজেলা কার্য লয়েরদায়িত্বপ্রাপ্ত কর্ম কর্তা( সহকারী প্রোগ্রামার, মোবাইল:০১৯১১৭২২১০০,ই-মেইল:ninadbd@gmail.com, ওয়েবপোর্ট াল http://doict.louhajanj.munshiganj.gov.bd/) কে সহায়তা করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০২ | ই-নথি সিস্টেমের বাস্তবায়ন ও অগ্রাধিকার প্রদান:<br>সরকারের সর্ব ক্ষেত্রে দাপ্তরিক নথি কার্য ক্রম প্রচলিত নথি ব্যবস্থাপনার পরিবর্তে অনলাইন নথি ব্যবস্থাপনায় (ডি-নথি সিস্টেম) স্থানান্তর ও ব্যবহার নিশ্চিতকরণ সরকারের ধারাবাহিক পেপারলেস অফিস ধারণা বাস্তবায়নের একটি গুরুত্বপূর্ণ অংশ হওয়ায় অনলাইন নথি ব্যবস্থাপনার ধারণা,প্রয়োগ ও বাস্তবায়ন বিষয়ে "সচিবালয় নির্দে শমালা ২০১৪" তে বিস্তারিত নির্দে শনা রয়েছে।তাই উপজেলাস্থ সকল সরকারি দপ্তরে অনলাইন নথি ব্যবস্থাপনা(ই-নথি সিস্টেম) এর ব্যবহার ও অগ্রাধিকার প্রদান বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ২.১। ইতোমধ্যে ই-নথি সিস্টেমের লাইভ সার্ভারে স্থাপিত দপ্তর সমূহের দাপ্তরিক নথি কার্য ক্রম অতিসত্বর অনলাইন নথি ব্যবস্থাপনায়(ডি-নথি সিস্টেম) শুরু করা ও অগ্রাধিকার প্রদানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২.২।সকল সরকারী দপ্তর সমূহকে ডি-নথি সিস্টেমের লাইভ সার্ভারে ক্রমান্বয়ে স্থাপন করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২.৩। ডি-নথি সিস্টেমের লাইভ সার্ভারে সৃষ্ট দপ্তর সমূহের অনলাইন নথি ব্যবস্থাপনা(ই-নথি সিস্টেম) কার্য ক্রমের রিপোর্ট মাসিক উপজেলা আইসিটি কমিটির সভায় দাখিল করণ বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। লৌহজং উপজেলাস্থ সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণ। |
| ০৩। | শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাবসহ সকল কম্পিউটার ল্যাব সমূহের সর্বো চ্চ ব্যবহার নিশ্চিতকরণ:<br><br>আইসিটি শিক্ষার সম্প্রসারণ,দক্ষ জনশক্তি গড়ে তোলা ও স্থানীয় সাইবার সেন্টার হিসেবে ভূমিকা রাখার তাগিদে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সরকার কর্তৃক শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও অন্যান্য কম্পিউটার ল্যাব স্থাপন করা হয়েছে। তাই সকল কম্পিউটার ল্যাবের সর্বো চ্চও যথাযথ ব্যবহার রক্ষণাবেক্ষণ এবং টেকসই করণ অত্যন্ত জরুরী বিধায় এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৩.১। সকল শ্রেনির শিক্ষার্থী ও শিক্ষক কর্তৃক নিয়মিত ল্যাব ব্যবহার করণ, আইসিটি পাঠ্যক্রম সমূহ আবশ্যিকভাবে কম্পিউটার ল্যাবে তাত্ত্বিকের পাশাপাশি ইন্টারনেট সংযোগে ব্যবহারিকভাবে পাঠদান ,প্রয়োজনীয় রেজিষ্টারাদি নিয়মিত ব্যবহার ও হালনাগাদ রাখা, কম্পিউটার ও ল্যাপটপ সমূহ শুধুমাত্র ল্যাবের অভ্যন্তরে ব্যবহারকরণ ও সর্ব দা সচল রাখা এবং সর্বো চ্চ নিরাপত্তা নিশ্চিত করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৩.২। বেকার অথবা আগ্রহী তরুণ-তরুনীদের জন্য বিনামূল্যে অথবা নির্দি ষ্ট ফি এর বিনিময়ে প্রশিক্ষণ পরিচালনা ও স্থানী সাইবার সেন্টার হিসেবে ব্যবহার করার বিষয়ে পদক্ষেপ গ্রহণে সভায় সিদ্ধান্ত হয়।<br><br>৩.৩। কমিটির সদস্যগণ তথা উপজেলা পর্য ায়ের কর্ম কর্তাগণ কর্তৃক নিয়মিত কম্পিউটার ল্যাব এর কার্য ক্রম পর্য বেক্ষণপূর্ব ককমিটির সভায় রিপোর্ট করণ বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। লৌহজং উপজেলাস্থ সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণ।<br><br>২। লৌহজং উপজেলাস্থ সংশ্লিষ্ট সকল ইউপি চেয়ারম্যানগণ।<br><br>৩। লৌহজং উপজেলাস্থ সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ।<br><br>৪।সহকারী প্রোগ্রামার, লৌহজং,মুন্সীগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| | | কার্যক্রম পর্যবেক্ষণপূর্বক কমিটির সভায় রিপোর্ট করণ বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৩.৪। কেন্দ্রীয় মনিটরিং কর্মকর্তা হিসেবে সহকারী প্রোগ্রামার কর্তৃক ল্যাব সমূহ নিয়মিত পরিদর্শন,কারিগরি পরামর্শ ও সহায়তা প্রদান এবং প্রশিক্ষণ প্রদান বিষয়ে সভায় সিদ্ধান্ত হয়। | |
| ০৪। | ইনফো-সরকার ফেইজ২ প্রকল্পের আওতায় উপজেলা পর্যায়ে প্রাপ্ত ইন্টারনেট কানেক্টিভিটি সচল রাখা প্রসংগে। ও<br>সরকারী দপ্তর ও কম্পিউটার ল্যাবে নিজস্ব উদ্যোগে বিকল্প ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ রাখা প্রসংগে:<br><br>উপজেলাস্থ সরকারী দপ্তর সমূহে আইসিটি সংক্রান্ত কাজে একের অধিক কম্পিউটারে নিরবিচ্ছিন্ন ও উপযুক্ত গতিসম্পন্ন ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ রাখার পাশাপাশি অনুরুপভাবে শিক্ষা প্রতিষ্ঠান সমুহের ল্যাবে সঠিকভাবে আইসিটি বিষয় পাঠদান ও প্রশিক্ষণ প্রদানে যথা সম্ভব সংখ্যক কম্পিউটারে উপযুক্ত গতিসম্পন্ন ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ রাখা জরূরী বিধায় এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৪.১। ইনফো-সরকার ফেইজ২ প্রকল্পের আওতায় উপজেলা পর্যায়ে প্রাপ্ত ইন্টারনেট কানেক্টিভিটি সংশ্লিষ্ট সকলকে রাখতে হবে।<br><br>৪.২। যদিও সরকারী দপ্তর সমূহে ইতোমধ্যে সরকারী ব্যবস্থাপনায় ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়েছে, কিন্তু উক্ত ইন্টারনেট সংযোগের গতি ও ধারাবাহিকতায় সীমাবদ্ধতা থাকায় নির্বিঘ্নে আইসিটি কার্যক্রম ও সেবা প্রদানে আরও এক বা একাধিক কম্পিউটারে নিজস্ব উদ্যোগে স্থানীয় আইএসপি হতে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ গ্রহণ বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৪.৩। অনুরুপভাবে শিক্ষা প্রতিষ্ঠান সমূহে ল্যাবে যথা সম্ভব সংখ্যক কম্পিউটারে প্রতিষ্ঠান কর্তৃক আবশ্যিকভাবে নিজস্ব উদ্যোগে স্থানীয় আইএসপি হতে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ গ্রহণ বিষয়ে সভায় সিদ্ধান্ত হয়। | ১। লৌহজং উপজেলাস্থ সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণ।<br><br>২। লৌহজং উপজেলাস্থ সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ। |
| ০৫। | উপজেলার প্রত্যেকে সরকারী দপ্তর হতে আইসিটি ফোকাল পয়েন্ট হিসেবে ০১(এক) জন করা কর্মকর্তা/কর্মচারী নির্বাচিত করণ প্রসংগে। | ৫.১। প্রত্যেক সরকারী দপ্তর হতে ০১(এক) জন করে আইসিটি ফোকাল পয়েন্ট কর্মকর্তা/কর্মচারী নির্বাচনপূর্বক তার তথ্য উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণের বিষয়ে সভায় সিদ্ধান্ত হয়। | ১। লৌহজং উপজেলাস্থ সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণ। |
| ০৬। | সরকারি অফিসিয়াল ই-মেইল ব্যবহার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৬.১। দাপ্তরিক কাজে সরকারি অফিসিয়াল ই-মেইলের ব্যবহার আরো বৃদ্ধি করতে হবে। | ১। লৌহজং উপজেলাস্থ সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণ। |

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি ডিজিটাল বাংলাদেশ গঠনে কার্যকর ভূমিকা রাখতে সকলকে অনুরোধ করেন এবং ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০।৮।১৬.

মোঃ আব্দুল আউয়াল
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইসিটি কমিটি
লৌহজং,মুন্সীগঞ্জ।

স্মারক নং: ০৫.৩০.৫৯৪৪.০০২.০০.০০১.১৪- তারিখ:১০/০৮/২০২৩খ্রি:

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কাযার্থে:

১। জনাব সাগুফতা ইয়াসমিন এমিলি, মাননীয় সংসদ সদস্য ,মুন্সীগঞ্জ-২।

২। জেলা প্রশাসক, মুন্সিগঞ্জ।

৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), মুন্সিগঞ্জ।

৪। চেয়ারম্যান,উপজেলা পরিষদ, লৌহজং, মুন্সিগঞ্জ।

৫।প্রোগ্রামার,.........................জেলা কার্যালয়,মুন্সিগঞ্জ।

৬। উপজেলা........................................................ অফিসার,লৌহজং,মুন্সিগঞ্জ।

৭।চেয়ারম্যান.............................. ইউপি,লৌহজং,মুন্সিগঞ্জ।

৮। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার........................................লৌহজং,মুন্সিগঞ্জ।

৯। অফিস কপি।

১০/০৮/২৩

তৌফিক-বিন-বারী
সহকারী প্রোগ্রামার
ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি কমিটি
লৌহজং,মুন্সীগঞ্জ।